

আমার বিশ্বাস গেলে ধোয়া
আমিই থাকিনা।

এ রাত শ্রান্ত হবে ;
দিন আসবে,
জীবন সুখের দেখবে মুখ,
পরিশ্রামদর্শী হবে
অভিজ্ঞ জীবন
—মন থেকে আমার বিশ্বাস
চাও তুমি মুছে দিতে ?

বুলেট
ওড়াবে ?
কী পরকার !
সুখাই খরচ হবে গুলি।

আমার বৃকের বর্মে ঢাকা
বিশ্বাস আমার ।
আমার বিশ্বাস ভাঙবে
কেমন বুলেট
জিত্ববনে নেই।